



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারকনং- ৪৬.১১৩.১০৩.০০.০০.০৮৪.২০১৭/১০০২

তারিখ : ০২/১১/২০২০

বার্তা সম্পাদক
“দৈনিক যুগান্তর”
ঢাকা।

বিষয়: প্রকাশিত সংবাদের আলোকে ঢাকা ওয়াসার প্রতিবাদ।

০২ নভেম্বর, ২০২০ ইং তারিখে আপনার “দৈনিক যুগান্তর” পত্রিকায় “দুর্নীতিবিরোধী কমিটিতেও পছন্দের যত কর্মকর্তা” শিরোনামে প্রকাশিত সংবাদটি ঢাকা ওয়াসার দৃষ্টিগোচর হয়েছে। এ বিষয়ে ঢাকা ওয়াসার প্রতিবাদ বক্তব্য নিম্নরূপঃ

শিরোনাম সহ প্রতিবেদনটি উদ্দেশ্যমূলক এবং মনগড়া। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মনোনীত কর্মকর্তাদের সমন্বয়ে দুর্নীতিবিরোধী কমিটি গঠন করা হয়েছে। এখানে পছন্দ-অপছন্দের বিষয় নয়। কর্তৃপক্ষের বিবেচনায় এটি একটি প্রশাসনিক সিদ্ধান্ত মাত্র এবং কমিটির আহ্বায়ক এই কমিটির সদস্য নির্বাচনের মাপকাঠি প্রতিবেদনের শেষাংশেই পরিষ্কার করে দিয়েছেন। তাই প্রতিবেদকের এই কমিটি নিয়ে প্রশ্ন তোলা উদ্দেশ্যমূলক। প্রতিবেদক বিশেষজ্ঞদের বরাত দিয়ে এ কমিটিতে বিশেষজ্ঞ প্রতিনিধি ও স্থানীয় সরকারের অন্যান্য সংস্থার সদস্যদের অন্তর্ভুক্ত করার কথা বলেছেন, যা কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিবেচনা করবে। তবে প্রতিবেদক “অনিয়ম ও দুর্নীতির অভিযোগে জর্জরিত” সংস্থা হিসেবে ঢাকা ওয়াসাকে ঢালাওভাবে অভিযুক্ত করতে পারেন না। এটা প্রতিবেদকের মনগড়া তথ্য। তবে প্রতিবেদক যথার্থই ঢাকা ওয়াসার দুর্নীতি দমনের বর্তমান ম্যানেজমেন্টের ‘জিরো টলারেন্স নীতি’ উল্লেখ করেছেন। আর এটাই হচ্ছে বর্তমান প্রশাসনের প্রকৃত উদ্দেশ্য ও লক্ষ্য।


প্রতিবেদনে জনৈক প্রকৌশলীর উদ্ধৃতি দিয়ে তথ্যকথিত একটি সিডিকেট গড়ে ওঠার কথা উল্লেখ করা হয়েছে, যা সত্য নয়। ঢাকা ওয়াসার বর্তমান কর্তৃপক্ষ দ্ব্যর্থহীন ভাষায় বলতে চায়, কারো প্রতি অনুরাগ কিংবা বিরাগের বসবর্তি হয়ে নয় বরং কারো বিরুদ্ধে কোন অনিয়ম বা দুর্নীতির অভিযোগের প্রমাণ পাওয়া গেলে অত্র কমিটির মাধ্যমে কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে এবং এ শুদ্ধি অভিযান অব্যাহত থাকবে।

উল্লেখ্য টিআইবি’র নির্বাহী পরিচালক কর্তৃক ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বিরুদ্ধে অনিয়মের অভিযোগের কথা বলা হয়েছে তা তার মনগড়া ও ভিত্তিহীন। এছাড়া তিনি ওয়াসার সকলের সম্পদের হিসাব দুদকে জমা দেয়ার যে প্রস্তাব করেছেন সেটা সরকারী সিদ্ধান্তের বিষয়।

পরিশেষে, একটি ভালো উদ্যোগকে নেতিবাচকভাবে উপস্থাপন বা ব্যাখ্যা না করে ইতিবাচক দৃষ্টিভঙ্গিতে দেখার আহ্বান এবং অনুরোধ করছে ঢাকা ওয়াসা।

প্রতিবেদনটি সম্পর্কে ঢাকা ওয়াসার প্রতিবাদ বক্তব্যটি আপনাদের “দৈনিক যুগান্তর” পত্রিকার পরবর্তী সংখ্যায় হুবহু একই কলামে প্রকাশ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হ’ল।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে


০২/১১/২০২০

এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।